



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ১৯/০৩/২০১৮ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয় আইন বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকীতে সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন

অদ্য ১৯ মার্চ ২০১৮ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয় আইন অনুষদের অধীন আইন বিভাগের ৫ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১১ ঘটিকায় এক সেমিনারের আয়োজন করা হয়। বিভাগের চেয়ারম্যান সুপ্রভাত হালদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত “Constitutional Governance, Military Rule and the Role of Superior Judiciary in Bangladesh” শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী, প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য জনাব এম কে রহমান। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। সেমিনারে আইন বিভাগের শিক্ষকমন্ডলী সহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপক সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী, প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল জনাব এম কে রহমান বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের জন্য কিছু প্রয়োজনীয় বই আইন অনুষদের ডিন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর হাতে তুলে দেন। এদিকে আইন বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বিকেলে কীর্তনখোলা অডিটোরিয়ামে বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস